



চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আত্মবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং - ৯৯/২০২৬

তারিখ: ২৫/০৩/২০২৬ খ্রি.

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) কর্তৃক আহ্বানকৃত সি এন্ড এফ এজেন্ট নিয়োগের e-Tender এ অংশগ্রহণ হতে বিরত থাকা প্রসঙ্গে

সম্মানিত সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) এর অধীনস্থ বিভিন্ন কারখানার আমদানিকৃত পণ্য (ইউরিয়া সার ব্যতিত) ছাড়করণের লক্ষ্যে সি এন্ড এফ এজেন্ট নিয়োগের জন্য e-Tender বিজ্ঞপ্তি (Ref. No: 36.01.1528.387.07.001.26/801, Date: 08-03-2026) এর মাধ্যমে দরপত্র আহ্বান করা হয়। আগ্রহী সি এন্ড এফ এজেন্টদের নিকট হতে আগামী ৩১ মার্চ ২০২৬ খ্রি. তারিখের মধ্যে National e-GP Portal এর মাধ্যমে অনলাইনে টেন্ডার দাখিলের সময়সীমা নির্ধারণ করা হয়েছে। উক্ত টেন্ডার প্রকাশের তারিখ ০৯/০৩/২০২৬ খ্রি. হতে টেন্ডার দাখিল/বন্ধের তারিখ ৩১/০৩/২০২৬ খ্রি. পর্যন্ত সর্বমোট কর্মদিবস রয়েছে ১১ দিন। পিপিআর-২০২৫ অনুসারে টেন্ডার দাখিলের জন্য সাধারণত: সময় ১৪ থেকে ২১ কর্মদিবস সময় দেওয়া হয়। কিন্তু এক্ষেত্রে তা অনুসরণ করা হয়নি। এছাড়া টেন্ডারে অংশগ্রহণে আগ্রহী সি এন্ড এফ এজেন্টদের সাথে কোনো Pre-bid আলোচনা সভা করা হয়নি।

উল্লেখ্য, দীর্ঘদিন হতে আমদানিকৃত ইউরিয়া সার ছাড়করণের জন্য বিসিআইসি টেন্ডারের মাধ্যমে সি এন্ড এফ এজেন্ট নিয়োগ দিয়ে আসলেও এবার ইউরিয়া সার ব্যতিত অন্যান্য আমদানিকৃত পণ্য ছাড়করণের জন্য প্রথমবারের মত এ ধরনের টেন্ডার আহ্বান করা হয়েছে। এছাড়া National e-GP Portal এর মাধ্যমে e-Tender দাখিল সি এন্ড এফ এজেন্টদের জন্য নতুন বিষয়। অন্যদিকে e-GP Portal এ রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করতে প্রায় ৭-১০ দিন সময় লাগে। ফলে টেন্ডারে অংশগ্রহণের প্রয়োজনীয় যোগ্যতা ও সক্ষমতা থাকা স্বত্ত্বেও নির্ধারিত সময়সীমার মধ্যে টেন্ডার প্রক্রিয়ার সকল আনুষঙ্গিক প্রস্তুতি সম্পন্ন করে টেন্ডারে অংশগ্রহণ করা দুরূহ হয়ে পড়বে।

এ প্রেক্ষিতে, e-Tender এ অংশগ্রহণে সি এন্ড এফ এজেন্টদের পর্যাপ্ত প্রস্তুতির সুযোগ প্রদান এবং e-Tender প্রক্রিয়া সম্পর্কে সম্যক ধারণা বা জ্ঞান অর্জনের জন্য সময় বৃদ্ধি ও অত্র এসোসিয়েশনের সাথে আলোচনা পূর্বক পুনরায় e-Tender আহ্বান করার অনুরোধ জানিয়ে ২৫/০৩/২০২৬ খ্রি. তারিখ অত্র এসোসিয়েশন থেকে চেয়ারম্যান, বিসিআইসি বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

এমতাবস্থায়, বর্ণিত প্রেক্ষাপটে বিসিআইসি কর্তৃক সি এন্ড এফ এজেন্ট নিয়োগের জন্য আহ্বানকৃত e-Tender যদি স্থগিত করা না হয়, তাহলে পিপিআর-২০২৫ যথাযথভাবে অনুসরণ না করে টেন্ডার আহ্বান এবং টেন্ডারে অংশগ্রহণে আগ্রহী সি এন্ড এফ এজেন্টদের সাথে Pre-bid আলোচনা সভা না করার প্রেক্ষিতে উক্ত e-Tender এ অংশগ্রহণ হতে বিরত থাকার জন্য অনুরোধ করা হলো।

মোঃ শওকত আলী
সাধারণ সম্পাদক